

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৩৭৮

ধর্মনগর, ২৬ সেপ্টেম্বর, ২০২৪

ধর্মনগরে পদ্ধিতি দীনদয়াল উপাধ্যায়ের জন্মজয়ন্তী

পদ্ধিতি দীনদয়াল উপাধ্যায়ের জন্মজয়ন্তী গতকাল ধর্মনগরে পালন করা হয়। মহাকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে ধর্মনগরের বিবেকানন্দ সার্ধশতবার্ষিকী ভবনে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করেন ধর্মনগর পুর পরিষদের চেয়ারপার্সন মিতালি রাণী দাস সেন। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা নাথ, সমাজসেবী কাজল দাস, সমাজসেবী হারান দাস, জেলা শিক্ষা আধিকারিক কার্যালয়ের ওএসডি সমীর রঞ্জন নাথ প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের যুগ্ম অধিকর্তা দিলীপ কুমার দেববর্মা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সাংবাদিক সমর চক্রবর্তী। অনুষ্ঠানে অতিথিগণ দীনদয়াল উপাধ্যায়ের প্রতিকৃতিতে পুস্পার্ঘ অর্পণ করে শন্দা জানান। অনুষ্ঠানে সংগীত, নৃত্য ও আবৃত্তি ইত্যাদি পরিবেশন করেন বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীবৃন্দ।
